ডিসেম্বর ২০১৩ | অগ্রহায়ণ-পৌষ ১৪২০ | মহরম-সফর ১৪৩৫ | বর্ষ ০১ | সংখ্যা ০৩

এস ই এল বার্তা

www.sel.com.bd | The Structural Engineers Ltd. এর মুখপত্র | e-mail : info@sel.com.bd

আল-কোরআনের বাণী

"এরা তাদের মুখের ফুঁ দিয়ে আল্লাহ্‌র নূরকে নিভিয়ে দিতে চায়। অথচ আল্লাহ্‌র ফায়সালা হলো তিনি তার নূরকে পূর্ণরূপে বিকশিত করবেন। কাফেররা তা যতই অপছন্দ করুক না কেন। তিনিই সেই মহান সত্ত্বা যিনি তাঁর রসূলকে হিদায়াত এবং 'দ্বীন-ই হক্ব' দিয়ে পাঠিয়েছেন, যাতে তিনি এ দ্বীনকে অন্য সকল দ্বীনের ওপর বিজয়ী করেন, চাই তা মুশরিকদের কাছে যতই অসহনীয় হোক না কেন।"

- সূরা সফ, আয়াত : ৮-৯

আল-হাদীসের বাণী



আবদুল্লাহ্‌ বিন মাসউদ (রা:) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন যে, যার অন্তরে অণু পরিমাণ অহংকার রয়েছে, সে জান্নাতে প্রবেশ করতে পারবে না। এক ব্যক্তি বলল– 'মানুষ পছন্দ করে যে, তার পোশাক ও জুতা সুন্দর হোক'। তিনি বললেন– 'নিশ্চই আল্লাহ্‌ সুন্দর, তিনি সৌন্দর্যকে পছন্দ করেন। কিবর বা অহংকার হলো কোন ব্যক্তির স্বদর্পে সত্যকে প্রত্যাখ্যান করা এবং মানুষকে তুচ্ছজ্ঞান করা।

– আল-হাদীস

মণীষীর বাণী

যার মধ্যে সূর্যের মতন স্নেহ, নদীর মতন বদান্যতা এবং মাটির মতন আতিথেয়তা আছে; সেই প্রকৃত অর্থে ধার্মিক।

- হযরত খাজা মইনুদ্দিন চিশ্‌তী (রহঃ)

নামাযের সময়সূচি

ডিসেম্বর	সেহরীর শেষ সময়	সূর্য উদয়	জোহর ওয়াক্ত	আসর ওয়াক্ত	মাগরিব ওয়াক্ত	এশা ওয়াক্ত
১লা	৪:৫৮	৬:২৪	১১:৪৯	৩:৩৮	৫:১৯	৬:৩৪
৫ই	৫:০৩	৬:২৭	১১:৫১	৩:৩৮	৫:১৯	৬:৩৫
১০ই	৫:০৩	৬:৩০	১১:৫৩	৩:৩৯	৫:২০	৬:৩৭
১৫ই	৫:০৬	৬:৩৩	১১:৫৫	৩:৪১	৫:২২	৬:৩৮
২০শে	৫:০৮	৬:৩৬	১১:৫৭	৩:৪৩	৫:২৪	৬:৪০
২৫শে	৫:১১	৬:৩৮	১২:০০	৩:৪৬	৫:২৭	৬:৪৩

ত্রিশ বছরে

দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ

আমানুল্লাহ্‌ নোমান : ত্রিশ একটি পূর্ণতার সংখ্যা। কালের হিসাবে তিন দশক। এই সংখ্যাকে ঘিরে কবি সাহিত্যিকদের আগ্রহের কমতি ছিলনা। কবি রবীন্দ্রনাথ ঠাকুর 'ত্রিশ' নামে একটি কবিতাও লিখেছেন। ত্রিশই একজন কর্মময় মানুষকে সফলতার উষ্ণতা দেয়। এস ই এল ও সেই সফলতার উষ্ণতাই অনুভব করছে। ১৯৮৩ সালের ৬ ডিসেম্বর ইঞ্জিনিয়ার মোঃ আব্দুল আউয়াল এর নেতৃত্বে "দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স" এর যাত্রা শুরু হয়। এর পরে ১৯৮৭ সালে জয়েন্ট স্টকে নিবন্ধিত হয়ে "দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড" নতুনভাবে যাত্রা শুরু করে। শুরুতে সততার সাথে সরকারি ও বেসরকারি সংস্থার ঠিকাদারী ব্যবসায় নিয়োজিত থেকে সফল হয় অত্র প্রতিষ্ঠান। অর্জিত সফলতাকে পুঁজি করে ব্যবসার পাশাপাশি ১৯৯৫ সালে একটি প্রকল্পের কাজ শুরুর মাধ্যমে আবাসন জগতে পদচারণা শুরু করে ১৯৯৭ সালে তা সমাপ্ত করে গ্রাহকদের কাছে হস্তান্তর করে।

তাছাড়া এস. ই. এল এর বিশ্বাস সম্মানিত ক্রেতা সাধারণ/জমির মালিক বৃন্দ কোন অবস্থাতেই কোম্পানির প্রতিপক্ষ নন বরং কোম্পানির ব্যবসার গুরুত্বপূর্ণ অংশীদার। শুধু ব্যবসার জন্যই ব্যবসা নয়। "ভবিষ্যত প্রজন্মের জন্য পরিকল্পিত আবাসন গড়াই আমাদের স্বপ্ন" এই ভিশন এবং "সর্বোচ্চ গ্রাহক সন্তুষ্টি ও পরিবেশ বান্ধব বাসস্থান নির্মাণই আমাদের লক্ষ্য" এই মিশনকে সামনে রেখে ১৯৯৮ সালে ঠিকাদারি ব্যবসা ছেড়ে রিয়েল এস্টেট জগতে পরিপূর্ণভাবে প্রবেশ করে দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ। বলা বাহুল্য যে, এস.ই.এল কাজের মান নিয়ন্ত্রণ, নির্দিষ্ট সময়ে প্রকল্প হস্তান্তর, সর্বোপরি বিক্রয়োত্তর গ্রাহক সেবা প্রদানের মাধ্যমে রিয়েল এস্টেট জগতে এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে। প্রথমে মাত্র একটি প্রকল্প নিয়ে যাত্রা শুরু করলেও বর্তমানে চলতি প্রকল্পের সংখ্যা চল্লিশের কোটায়। আরও তেইশটি প্রকল্পের কাজ শুরুর অপেক্ষায় রয়েছে। ইতিমধ্যে সফলতার সাথে ১২১টি প্রকল্প হস্তান্তর করা হয়েছে।

Vision:
"Developing planned habitat for future generations"
"ভবিষ্যত প্রজন্মের জন্য পরিকল্পিত আবাসন গড়াই আমাদের স্বপ্ন"

Mission:
"Creating environment friendly dwellings for ultimate satisfaction of customers"
"সর্বোচ্চ গ্রাহক সন্তুষ্টি ও পরিবেশবান্ধব বাসস্থান নির্মাণই আমাদের লক্ষ্য"

ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার মোঃ আব্দুল আউয়াল এর সুযোগ্য নেতৃত্ব এবং 'টোট্যাল কোয়ালিটি ম্যানেজমেন্ট' চর্চাই এস.ই.এল-কে তার বর্তমান অবস্থায় নিয়ে এসেছে। ১৯৯৫ সাল থেকে অত্র প্রতিষ্ঠান 'টোট্যাল কোয়ালিটি ম্যানেজমেন্ট' চর্চা করে আসছে। মান সম্মত কাজের জন্য "টি কিউ এম" চর্চার বিকল্প নেই, এই মতাদর্শে অনুপ্রাণীত হয়ে প্রতিষ্ঠানের সকল কাজ পরিচালিত হচ্ছে। গ্রাহক সেবা ও কাজের মানের ব্যাপারে "দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড" আপোষহীন। এ জন্য প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিষদ আন্তরিকতার সাথে নিরবিচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে।

'টি কিউ এম' চর্চার অন্যতম ৩টি বাহন যথা– '৫-স', কোয়ালিটি কন্ট্রোল সার্কেল (কিউ সি সি) এবং 'কাইজেন' কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আবাসন জগতে অপ্রতিদ্বন্দ্বী একটি প্রতিষ্ঠান "দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড"। এ প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিষদের প্রধান থেকে শুরু করে অনেক সদস্যই 'টি কিউ এম' চর্চার উপর দেশে-বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত। এ প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তারা প্রায়শ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত "টি কিউ এম" সংক্রান্ত বিভিন্ন সেমিনার ও কনভেনশনে অংশগ্রহণ করেন।

এছাড়া এ প্রতিষ্ঠানের অর্জিত সুনাম অক্ষুন্ন রাখা ও মান বৃদ্ধির লক্ষ্যে 'টি কিউ এম' চর্চার পাশাপাশি 'আইএসও' এর নিয়ম-নীতি অনুসারে একটি 'কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম' (কিউএমএস) প্রতিষ্ঠা, বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে ২০১০ সালের শুরুতে 'আই এস ও' সনদ লাভ করে।

(দ্বিতীয় পাতায় দেখুন)

শুভেচ্ছা

প্রকৌশলী মো. আব্দুল আউয়াল
ব্যবস্থাপনা পরিচালক
দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ

আলহামদু লিল্লাহ্‌–সমস্ত প্রশংসা পরম করুণাময় আল্লাহ্‌ তা'য়ালার, যিনি আমাদেরকে সৃষ্টির সেরা জীব মানুষ হিসাবে সৃষ্টি করেছেন। জ্ঞান দিয়েছেন, আকল দিয়েছেন, বিবেক দিয়েছেন। সে জন্য আল্লাহ্‌পাকের দরবারে লাখো শোকরিয়া।

১৯৮৩ থেকে ২০১৩ দীর্ঘ ত্রিশ বৎসর। অনেক চড়াই উৎড়াই পেরিয়ে এস.ই.এল আবাসন খাতে আজ একটি বহুল আলোচিত নাম। এটা সম্ভব হয়েছে এস.ই.এল এর প্রতি সম্মানিত জমির মালিক ও ক্রেতাবৃন্দের অগাধ বিশ্বাস ও ভালোবাসা এবং অত্র কোম্পানিতে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী, সেই সাথে প্রকল্পে কর্মরত বিরাট সংখ্যক কর্মী বাহিনীর একাগ্রতা ও নিরলস পরিশ্রমের ফলে। তাই আমি আমার অন্তরের অন্তস্থল থেকে সকলের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। পাশাপাশি আমাদের ব্যবসার অন্যতম সহযোগী সরবরাহকারীবৃন্দ আমাদের উপর আস্থা রেখে সার্বিক সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। বিশেষ করে বর্তমান সময়ে আবাসন খাত যেখানে চরম বিপর্যয়ের মধ্যে নিপতিত, অনেকেই যখন কাজ-কর্ম বন্ধ করে দিয়ে বসে আছেন, সেখানে আজ পর্যন্ত আমাদের সমস্ত প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্তির পথে এগিয়ে চলেছে। আমাদের সরবরাহকারীদের নিঃশর্ত সহযোগিতা ছাড়া এটা কোন অবস্থাতেই সম্ভব হতো না।

(দ্বিতীয় পাতায় দেখুন)

SEL RMC

SEL Readymix & Concrete Products Ltd.

a sister concern of
The Structural Engineers Ltd.

Contact:
01819 558 123, 018114 876 01-02